মধুর বসন্ত এসেছে মধুর মিলন ঘটাতে ।
মধুর মলয়-সমীরে মধুর মিলন রটাতে ॥
কুহক লেখনী ছুটায়ে কুসুম তুলিছে ফুটায়ে,
লিখিছে প্রণয়-কাহিনী বিবিধ বরন-ছটাতে ।
হেরো পুরানো প্রাচীন ধরণী হয়েছে শ্যামলবরনী,
যেন যৌবন-প্রবাহ ছুটিছে কালের শাসন টুটাতে;
পুরানো বিরহ হানিছে, নবীন মিলন আনিছে,
নবীন বসন্ত আইল নবীন জীবন ফুটাতে ॥

---

Parjaay: Prokriti / Mayar-Khela, Taal: Kaharwa, Raag: Bahar

Visit www.geetabitan.com for notation and other detail